

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
উপজেলা কমান্ড, শালিখা, মাগুরা।
www.shalikhmagura.gov.bd

সংশোধিত নির্বাচনি তফসিল

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি ইয়াসমিন মনিরা, উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক ২৮.০৩.২০২৩ তারিখে জারীকৃত গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে:

ক) ভোটার তালিকা প্রকাশ :

ক্রমিক	বিবরণ	সময়কাল
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	১৯.০৩.২০২৩ (রবিবার)
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	২২.০৩.২০২৩ (বুধবার)
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	৩০.০৩.২০২৩ (বৃহস্পতিবার)
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	০৫.০৪.২০২৩ (বুধবার)

খ) নির্বাচনী তফসিল :

০১	মনোনয়নপত্র বিতরণ	০৫.০৪.২০২৩ (বুধবার) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর থেকে ০৯.০৪.২০২৩ (রবিবার) বিকাল ০৩:০০ টা পর্যন্ত
০২	মনোনয়নপত্র দাখিলের তারিখ	১০.০৪.২০২৩ (সোমবার) (সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৩:০০ টা)
০৩	মনোনয়নপত্র বাছাই	১১.০৪.২০২৩ (মঙ্গলবার)
০৪	প্রার্থীতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপীলের তারিখ	১৩.০৪.২০২৩ (বৃহস্পতিবার) (সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৩:০০ টা)
০৫	আপীল নিষ্পত্তির তারিখ	১৬.০৪.২০২৩ (রবিবার)
০৬	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	১৭.০৪.২০২৩ (সোমবার)
০৭	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	১৮.০৪.২০২৩ (মঙ্গলবার)
০৮	প্রতীক বরাদ্দের তারিখ	২৭.০৪.২০২৩ (বৃহস্পতিবার)
০৯	ভোট গ্রহণের তারিখ	২০.০৫.২০২৩ (শনিবার)

(ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে)

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১০.০৪.২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় অর্থাৎ উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, শালিখা, মাগুরা এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় অর্থাৎ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, শালিখা, মাগুরা-এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ: ২৮ মার্চ, ২০২৩ খ্রি।

নির্বাচনী এলাকার নাম : মাগুরা জেলার শালিখা উপজেলা।


ইয়াসমিন মনিরা
উপজেলা নির্বাহী অফিসার

ও
রিটার্নিং অফিসার
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
উপজেলা কমান্ড, শালিখা, মাগুরা।
ফোন নম্বর : ০২৪৭৭১২২০৩
ই-মেইল : unoshalika@gmail.com

